গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ইউনিট-১০
www.bpsc.gov.bd

# বিজ্ঞপ্তি

স্মারক নম্বর-৮০.০০.০০০০.১১০.১১.০০৬.২৪ (অংশ-৫). ৪৬৮

তারিখ: ০৫ শ্রাবণ ১৪৩৩ / ২০ জুলাই ২০২৬

বিষয়: জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন সরকারি কর্মচারী হাসপাতালের **'ও.টি. নার্স'** (১০ম গ্রেড) এর শূন্য পদের বাছাই (MCQ) পরীক্ষার কেন্দ্র, সময়সূচি, আসন বিন্যাস ও নির্দেশাবলি।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন সরকারি কর্মচারী হাসপাতালের **'ও.টি. নার্স'** (১০ম গ্রেড) পদে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের বাছাই (MCQ) পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রসমূহে বর্ণিত তারিখ, সময়সূচি ও আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে :

| পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও ক্রমিক নম্বর | পরীক্ষার তারিখ ও সময় | পরীক্ষার কেন্দ্রের নাম | রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ | প্রার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|
| **ও.টি. নার্স** (১০ম গ্রেড) বিজ্ঞপ্তির তারিখ: ১৩-০২-২০২৫ খ্রি. ক্রমিক নম্বর: ৭২ | **তারিখ : ২৭-৭-২০২৬ রোজ : সোমবার বিকাল ৩:০০ টা হতে ৪:০০ টা পর্যন্ত** | ১. শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা | **000001-002600** | ২৬০০ জন |
| | | ২. শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা | **002601-004800** | ২২০০ জন |
| | | ৩. গবর্নমেন্ট সায়েন্স হাই স্কুল, তেজগাঁও, ঢাকা | **004801-006600** | ১৮০০ জন |
| | | ৪. বনানী বিদ্যানিকেতন স্কুল এন্ড কলেজ, ঢাকা | **006601-008400** | ১৮০০ জন |
| | | ৫. লালমাটিয়া গার্লস হাই স্কুল এন্ড কলেজ, ৯/১৫, ব্লক-ডি, লালমাটিয়া, ঢাকা | **008401-200186** | ২৫০০ জন |
| | | ৬. তেজগাঁও আদর্শ স্কুল এন্ড কলেজ, ৪৪৬, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ | **200187-700124** | ২৩০০ জন |
| | | ৭. গণভবন সরকারি উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা | **700125-800153** | ১১০০ জন |
| | | ৮. মাল্টিপারপাস হল, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা | **800154-800442** | ২৮৯ জন |
| | | ৯. নন-ক্যাডার ভল্টরুম-২ এর সামনে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা | **800443-800600** | ১১০ জন |

## পরীক্ষার্থীদের জন্য পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি:

১. পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিট সংবলিত। কোনো পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিটের কম সংখ্যার হলে বাম দিকের ঘর/ঘরগুলো ০ (শূন্য) দিয়ে পূরণপূর্বক রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (সংখ্যাসমূহ) উত্তরপত্রের প্রযোজ্য ঘরে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে নিচের প্রযোজ্য বৃত্ত ভরাট করতে হবে।

২. প্রবেশপত্রের নিচে প্রদত্ত নির্দেশাবলি অতি মনোযোগের সাথে পড়তে এবং অনুসরণ করতে হবে।

৩. **পরীক্ষার্থীদের দুপুর ২:৩০ মিনিট এর মধ্যে অবশ্যই পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। দুপুর ২:৩০ মিনিট এর পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না। প্রশ্নপত্র দেয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।**

৪. প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। হাজিরা তালিকায় প্রত্যেক পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি ও প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে; মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫. পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ/ভ্যানিটি ব্যাগ, যে কোন ধরনের ঘড়ি বা ঘড়ি সদৃশ কোনো কিছু, মানি ব্যাগ, মোবাইল ফোন, গহনা, ব্যাংক কার্ড বা কার্ড সদৃশ কোনো কিছু , ক্যালকুলেটর বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সময় প্রার্থীগণ কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না; কান খোলা রাখতে হবে। পরীক্ষা চলাকালীন পরীক্ষা কক্ষে কোনো প্রার্থীর নিকট নিষিদ্ধ সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে প্রার্থিতা বাতিল করা হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। **প্রবেশপত্রে উল্লিখিত ক্যালকুলেটর ব্যবহারের বিষয়টি লিখিত পরীক্ষার জন্য প্রযোজ্য; বাছাই পরীক্ষার জন্য প্রযোজ্য নয়।**

ক্রমশ/২

৬. ভুয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনা করা হবে।

৭. পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে প্রার্থিতা বাতিল হবে।

৮. পরীক্ষায় মোট ১০০ (একশত) টি প্রশ্ন থাকবে। পরীক্ষার নম্বর বণ্টন: বাংলা-২০, ইংরেজি-২০, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি)-২০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়-৪০ সহ পূর্ণমান ১০০ নম্বর। **পরীক্ষার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন; প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর করে কাটা হবে। পরীক্ষার পূর্ণ সময় ০১ (এক) ঘন্টা।**

৯. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাঁদেরকে **আগামী ২২-০৭-২০২৬ তারিখের** মধ্যে অফিস চলাকালীন সময়ে শ্রুতিলেখকের জন্য কমিশন সচিবালয়ের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পরিচালক, ইউনিট-১০ বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক প্রদান করা হবে।

১০. প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক কমিশনে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক অনুমোদিত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতিপত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষার হলে উপস্থিত হতে হবে।

১১. কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd হতে ডাউনলোডকৃত প্রবেশপত্রসহ প্রার্থীদের **'ও.টি. নার্স'** (১০ম গ্রেড) পদের বাছাই (MCQ) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থীদের অনুকূলে নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না।

১২. কোনো পরীক্ষার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এবং টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। **প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।**

১৩. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর (substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১৪. বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd-এ পাওয়া যাবে।

- ❖ **পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।**
- ❖ **চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীদের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

২০/০৭/২০২৬
দিলাওয়েজ দুরদানা
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)